# বাংলা প্রশ্নাবলী

## স্নাতকোত্তর পাঠক্রম

**(New Pattern)**

বর্ষ– ২০১৫


**বর্ধমান বিশ্ববিদ্যালয়**

ডাইরেক্টরেট অব্ ডিস্ট্যান্স এডুকেশন

গোলাপবাগ, বর্ধমান – ৭১৩১০৪

পশ্চিমবঙ্গ

২০১৫

বিষয় : বাংলা

প্রথম পত্র

(নতুন নম্বর বিভাজন অনুযায়ী)

সময় : চার ঘণ্টা পূর্ণমান : ৮০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।*

(প্রথম অর্ধ)

মান : ৪০

*(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে)*

১। যে কোনো *পাঁচটি* প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দিন : ৫×২=১০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের মোট কয়টি খণ্ড? খণ্ডগুলির নাম লিখুন।

(খ) রূপ গোস্বামীর লেখা দুটি গ্রন্থের নাম লিখুন।

(গ) 'ভাগবতাচার্য' কার উপাধি? এই উপাধি তাঁকে কে দিয়েছিলেন?

(ঘ) 'পদ্মাবতী' কাব্য কোন্ হিন্দি কবির কোন্ গ্রন্থ অবলম্বনে সৈয়দ আলাওল রচনা করেন?

(ঙ) 'চৈতন্যলীলার ব্যাস' কে? তাঁর লেখা বাংলা চৈতন্যজীবনী গ্রন্থটির নাম লিখুন।

(চ) নরহরি চক্রবর্তীর লেখা দুটি গ্রন্থের নাম লিখুন।

(ছ) অষ্টাদশ শতাব্দীর দুটি বৈষ্ণব পদসংকলন গ্রন্থের নাম লিখুন।

(জ) 'অন্নদামঙ্গল' কাব্যের দুটি প্রবাদ প্রবচনের উল্লেখ করুন।

২। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দিন : ৩×১০=৩০

(ক) বাংলা সাহিত্যে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির গুরুত্ব আলোচনা করুন। ১০

(খ) তুর্কী আক্রমণের ফলাফল সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন। ১০

(গ) দৌলত কাজীর সাহিত্য সাধনার পরিচয় দিন। ১০

(ঘ) 'ধর্মমঙ্গল' কাব্যকে 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলা সঙ্গত কি না বিচার করুন। ১০

(ঙ) 'সপ্তদশ শতকে বৈষ্ণব পদাবলী ও ধর্মের অবক্ষয় শুরু'—মন্তব্যটি আলোচনা করুন। ১০

(চ) চৈতন্য জীবনীসাহিত্যের ধারায় বৃন্দাবন দাসের ভূমিকা বিচার করুন। ১০

## (দ্বিতীয় অর্ধ)

### মান : ৪০

১। নিম্নলিখিত প্রশ্নগুলির থেকে *যেকোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দিন : ৫×২=১০

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের প্রধান কে ছিলেন? তাঁর রচিত একটি গ্রন্থের নাম লিখুন।

(খ) টেকচাঁদ ঠাকুর কার ছদ্মনাম? তাঁর রচিত গ্রন্থের নাম কি?

(গ) চলিত ভাষায় লেখা রবীন্দ্রনাথের প্রথম উপন্যাস কোনটি? কোন্ পত্রিকায় এটি প্রথম প্রকাশিত হয়?

(ঘ) বঙ্গদর্শন পত্রিকার প্রথম প্রকাশ কত সালে? বঙ্কিমচন্দ্র পরবর্তী এই পত্রিকার একজন সম্পাদকের নাম লিখুন।

(ঙ) 'বৃত্রসংহার' কাব্য কটি সর্গে বিভক্ত? এই কাব্যের মূল বিষয় কী?

(চ) নাট্যনিয়ন্ত্রণ বিধি বাংলায় কবে এবং কেন করা হয়েছিল?

(ছ) 'গড্ডলিকা' গল্পগ্রন্থের রচয়িতা কে? এই গ্রন্থের কোনো একটি গল্পের নাম লিখুন।

(জ) পশু বিষয়ে লেখা *যে-কোনো দুটি* বাংলা ছোটো গল্পের নাম লিখুন।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির থেকে *যেকোনো তিনটি* প্রশ্নের উত্তর দিন : ৩×১০=৩০

(ক) বাংলা গদ্যের ইতিহাসে রামমোহন রায়ের অবদান সম্পর্কে আলোচনা করুন। ১০

(খ) বঙ্কিমচন্দ্রের উপন্যাসগুলির শ্রেণিবিন্যাস করে ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র সম্পর্কে আপনার মতামত ব্যক্ত করুন। ৩+৭=১০

(গ) 'ভারতী' পত্রিকার সম্পাদকের নাম লিখুন। বাংলা সাময়িক পত্রিকার ইতিহাসে এই পত্রিকার গুরুত্ব বিচার করুন। ২+৮=১০

(ঘ) রবীন্দ্রনাথের গদ্যকাব্যগুলির নাম উল্লেখ করে এই কাব্যগুলির বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করুন। ২+৮=১০

(ঙ) মাইকেল মধুসূদন দত্তের নাট্যরচনার পরিচয় দিন। ১০

(চ) রবীন্দ্রনাথের সবুজপত্র-পরবর্তী ছোটো গল্প সম্পর্কে আলোচনা করুন। ১০

---

২০১৫

বিষয় : বাংলা

দ্বিতীয় পত্র

(নতুন নম্বর বিভাজন অনুযায়ী)

সময় : চার ঘণ্টা পূর্ণমান : ৮০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।*

(প্রথম অর্ধ)

মান : ৪০

*(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে)*

১। নিম্নলিখিত প্রশ্নগুলি থেকে যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দিন : ৫×২=১০

(ক) হরপ্রসাদ শাস্ত্রী চর্যা সঙ্কলন গ্রন্থটির কী নাম দেন? বিধুশেখর শাস্ত্রী চর্যাগীতির কী নাম দিয়েছিলেন?

(খ) চর্যার প্রথম পদটির প্রথম পঙ্‌ক্তিটি উল্লেখ করুন। 'টালত মোর ঘর নাহি পড়বেশি'-পদটির রচয়িতা কে?

(গ) গঙ্গা ধবলামুখী হলেন কেন?

(ঘ) বিপ্রদাস তাঁর কাব্যরচনায় যে সাল তারিখ উল্লেখ করেছেন সেটি উল্লেখ করে সাল নির্ণয় করুন।

(ঙ) চর্যাগীতির ভাষাকে কে 'আলো আঁধারি' ভাষা বলেছেন? 'সন্ধ্যা' শব্দের বানান কে 'সন্ধা' বলেছেন?

(চ) বড়ুচণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কয়টি খণ্ডে বিভক্ত? সেগুলো কী কী?

(ছ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কত সালে কে আবিষ্কার করেন?

(জ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে ব্যবহৃত প্রবাদ প্রবচনের মধ্যে যে কোনো *দুটি* প্রবাদ প্রবচনের উল্লেখ করুন।

২। নিম্নলিখিত *তিনটি* প্রশ্নের উত্তর দিন : ৩×১০=৩০

(ক) চর্যাপদে যে সমাজচিত্রের পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় বর্ণনা করুন। ১০

অথবা

'কাহারে ঘিনি মেলি অচ্ছহু কীস' (৬ সংখ্যক) এবং 'সোনে ভরিতি করুণা নাবী' (৮ সংখ্যক) পদ দুটি অনুসরণে ধর্মের সাধন পদ্ধতির পরিচয় প্রদান করুন।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'রাধাবিরহ' অংশ প্রক্ষিপ্ত কি না আলোচনা করে বুঝিয়ে দিন। ১০

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে রাধাচরিত্র নির্মাণে কবিকৃতিত্ব বিচার করুন।

(গ) 'মনসাবিজয়' কাব্যে যে পৌরাণিক ও লৌকিক সংস্কৃতির পরিচয় পাওয়া যায়, তা নিজের ভাষায় বিবৃত করুন। ১০

অথবা

'মনসাবিজয়' কাব্য অবলম্বনে মনসার চরিত্রটি বিশ্লেষণ করে বুঝিয়ে দিন।

## (দ্বিতীয় অর্ধ)

### মান : ৪০

১। *যেকোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দিন : ৫×২=১০

(ক) ‘ভারতের প্রিয় পুত্র হিন্দু সমুদয়/মুক্ত মুখে বল সবে ব্রিটিশের জয়’—এ জাতীয় অভিলাষের কারণ কী?

(খ) ‘মধুর বচন ঝাড়ে জানাইয়া লব/ঈশুমন্ত্রে অভিষিক্ত করে শিশু সব’—এমন কাজ কার? এই কাজের প্রতি কবির অসন্তোষ প্রকাশ পেয়েছে কেন?

(গ) আপনার পাঠক্রমের অন্তর্গত ‘উনিশ শতকের গীতিকবিতা সংকলন’-এর সম্পাদক কে? ঐ কাব্যসংকলনের কোন্ কবিতায় দুঃখবাদী দর্শনের কথা বলা হয়েছে?

(ঘ) তাৎপর্য লেখো :

‘আগে আত্মা পরে দেহ যাইছে তুহার’

(ঙ) ‘মেঘনাদবধ কাব্য’ কয় দিন-রাতের ঘটনা? এই কাব্যের তৃতীয় সর্গটির নাম কি?

(চ) ‘রক্ষেরিপু তুমি, তবু অতিথি হে আমার’—কে কাকে এই কথা বলেছে? এই উক্তির আলোয় বক্তার চরিত্রের কোন্ দিক আভাসিত হয়েছে?

(ছ) তাৎপর্য লেখো :

‘আয়ু যেন শৈবালের নীর’

(জ) হেমচন্দ্রের ‘কবিতাবলী’ ১ম খণ্ড কখন প্রকাশিত হয়? ‘কবিতাবলী’ ১ম খণ্ডের ১ম সংস্করণে কটি কবিতা ছিল?

২। *যেকোনো তিনটি* প্রশ্নের উত্তর দিন : ৩×১০=৩০

(ক) কখনো কবি লেখেন — ‘মুক্ত মুখে বল সবে ব্রিটিশের জয়’, আবার কখনো লেখেন—‘মিছা মণি মুক্তা হেম/স্বদেশের প্রিয় প্রেম/তার চেয়ে রত্ন নাহি আর’। এই দুই বয়ানের বৈপরীত্যের মধ্যে নিহিত উনিশ শতকের বাঙালির বুদ্ধিজীবির মননের দ্বান্দ্বিকতার স্বরূপ—আলোচনা করুন। ১০

(খ) ‘ভারতকামিনী’ ও ‘ভারতবিলাপ’ কবিতায় হেমচন্দ্রের স্বদেশভাবনার যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করুন। ১০

অথবা

‘শিশুর হাসি’ কবিতার সৌন্দর্যভাবনা সম্পর্কে আলোচনা করুন।

(গ) উনিশ শতকীয় দেশাত্মবোধ ও পরাধীন বাঙালি জাতির আত্মচেতনা মুধসূদনের ‘মেঘনাদবধ কাব্য’-এ প্রতিফলিত—আলোচনা করুন। ১০

অথবা

ঐতিহ্যের বিপরীতে গিয়ে কেন মধুসূদন ‘মেঘনাদবধ কাব্য’-এ রাবণকে নায়ক করে তুললেন—আলোচনা করুন।

(ঘ) ‘অদ্ভুত অভিসার’ কবিতাটিতে পুরোনো বিষয় নতুন আঙ্গিকে প্রকাশিত—আলোচনা করুন। ১০

———

২০১৫

**বিষয় : বাংলা**

**তৃতীয় পত্র**

**(নতুন নম্বর বিভাজন অনুযায়ী)**

**সময় : চার ঘণ্টা** **পূর্ণমান : ৮০**

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।*

**(প্রথম অর্ধ)**

**মান : ৪০**

*(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে)*

১। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দিন : ৫×২=১০

(ক) 'আজি বহুদিন পরে/কাঁদিয়া উঠেছে মোর চিত্ত তোর তরে।'—এই অংশটিতে কবির কী অনুভূতি প্রকাশিত?

(খ) 'জগতের মাঝে কত বিচিত্র তুমি হে/তুমি বিচিত্ররূপিণী'—'বিচিত্ররূপিণী' বলতে কবি কী বুঝিয়েছেন?

(গ) 'খেয়া' কাব্যের 'উৎসর্গ' তে রবীন্দ্রনাথ লিখেছেন—

'বন্ধু আনো তোমার তড়িৎ পরশ
হরষ দিয়ে দাও
করুণ চক্ষু মেলে ইহার
মর্ম পানে চাও'—অংশটির তাৎপর্য কী?

(ঘ) 'দান' কবিতাটি কোন্ সময়ে কোথায় বসে লেখা হয়েছিল?

(ঙ) 'রবীন্দ্রনাথই রবীন্দ্রোত্তর যুগের প্রথম ও প্রধান তরুণতম কবি'—কার উক্তি, তাৎপর্য কী?

(চ) 'জন্মদিনে' কাব্যে রবীন্দ্রনাথের শৈশব স্মৃতির উল্লেখ আছে কত সংখ্যক কবিতায়? তার প্রথম দুটি পংক্তির উল্লেখ করুন।

(ছ) রবীন্দ্রনাথের জন্মদিন বিদেশে কোথায় পালিত হয়েছিল? কত সংখ্যক কবিতায় তার উল্লেখ পাওয়া যায়?

(জ) 'জন্মদিনে' কাব্যগ্রন্থের পূর্বে ও পরে প্রকাশিত কাব্যগ্রন্থের নাম লিখুন।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : ৩×১০=৩০

(ক) 'নূতন করিয়া লহ আরবার
চির পুরাতন মোরে।'

কোন্ কবিতার অংশ? উদ্ধৃতাংশে কবির মূল বক্তব্যটি নিজের কথায় লিখুন। সম্পূর্ণ কাব্যে কবির অনুভূতি কীভাবে সুষমামণ্ডিত হয়ে পরিণতি লাভ করেছে? ১+৩+৬

*অথবা*

বিজয়িনী কবিতাটির সুন্দর পরিমণ্ডলটির বিবরণ দিন। এ কবিতায় রবীন্দ্রনাথের সৌন্দর্যভাবনার স্বরূপ বিশ্লেষণ করুন। ৪+৬

(খ) 'খেয়া' কবিতা সংকলনের কবিতাগুলি সমকালের সামাজিক রাজনৈতিক পরিমণ্ডল থেকে অনেক দূরে অবস্থিত—এ অভিমত কী সমর্থনযোগ্য? — যুক্তিসহ আলোচনা করুন।

*অথবা*

'দিনের শেষে ঘুমের দেশে' কবিতাটিতে চিত্রকল্পের আড়ালে মূল ভাববস্তুটি লিখুন।

(গ) 'পুনশ্চ' কাব্যগ্রন্থের প্রাসঙ্গিক কবিতা থেকে উদাহরণ দিয়ে রবীন্দ্রনাথের গদ্যকবিতার শিল্পসার্থকতা নিরূপণ করুন।

*অথবা*

'পুনশ্চ' কাব্যে মানবতাবাদ কীভাবে মূর্ত হয়েছে তা কাব্যাংশ আলোচনা করে বুঝিয়ে দিন।

## (দ্বিতীয় অর্ধ)

### মান : ৪০

১। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে থেকে *যেকোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দিন : ৫×২=১০

(ক) 'দুঃখের কবি'—শুনে হাসি পায়—সোনার পাথর বাটি'—মোহিতলালের কাছে 'দুঃখের কবি' হাস্যকর বলে মনে হয়েছে কেন?

(খ) 'পঞ্চশরের প্রিয় পাঁচ-ফুল সাজাইনু থরে থরে'—প্রেমদেবতার প্রিয় 'পাঁচ-ফুল' কী কী?

(গ) 'এ-পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে'—একথা বলার কারণ কী?

(ঘ) 'আসিয়াছে শান্ত অনুগত/বাংলার নীল সন্ধ্যা'— একথার মধ্যে কবির কোন্ অনুভূতি প্রকাশিত হয়েছে?

(ঙ) 'কিন্তু মানবেতিহাসে মাঝে-মাঝে আসে মলমাস'—পঙ্‌ক্তিটির তাৎপর্য বুঝিয়ে বলুন।

(চ) 'তুমি তাই সত্য দশানন'—দশাননের কোন্ সত্যের ইঙ্গিত কবি এখানে দিতে চেয়েছেন?

(ছ) 'চাঁদনী-রাতে' কবিতায় কবি 'আকাশ'-কে কতভাবে কল্পনা করেছেন?

(জ) 'মনের শিকল ছিঁড়েছি, পড়েছে হাতের শিকলে টান'—উদ্ধৃতিটির অন্তর্নিহিত অর্থটি ব্যাখ্যা করুন।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে থেকে *যেকোনো তিনটি* প্রশ্নের উত্তর দিন : ৩×১০=৩০

(ক) 'নারী স্তোত্র' কবিতায় মোহিতলালের মানস-বৈশিষ্ট্যের কী পরিচয় পাওয়া যায় তা ব্যাখ্যা করুন। ১০

(খ) কারও মতে, এ কবিতায় জীবনচেতনার প্রতিষ্ঠা, আবার কারও মতে, হতাশাবোধের বিস্তার—'আট বছর আগের একদিন' কবিতা প্রসঙ্গে আপনার অভিমত কী তা যুক্তিসহ প্রতিষ্ঠা করুন। ১০

(গ) কবি হিসেবে কাজী নজরুল ইসলাম-এর প্রধান পরিচয় তিনি বিদ্রোহী। প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে মন্তব্যটি প্রমাণ করুন। ১০

*অথবা*

শুধু ভাবগত বিচারে নয়, কবিতার আঙ্গিকেও কাজী নজরুল ইসলামের স্বাতন্ত্র্যকে ব্যাখ্যা করুন।

(ঘ) ভাবগত ও রূপগত দিক থেকে বিষ্ণু দে-র 'ক্রেসিডা' কবিতাটির বিচার করুন। ১০

*অথবা*

'মুখোশ' কবিতায় 'পৃথিবীর সেইসব যুবক-যুবতী' সম্বন্ধে কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের মনোভাবের স্বরূপ ব্যাখ্যা করুন।

---

২০১৫

বিষয় : বাংলা

চতুর্থ পত্র

(নতুন নম্বর বিভাজন অনুযায়ী)

সময় : চার ঘণ্টা পূর্ণমান : ৮০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।*

**(প্রথম অর্ধ)**

**মান : ৪০**

*(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে লিখতে হবে)*

১। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দিন : ৫×২=১০

(ক) ‘বাংলার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র বাংলার নব্য লেখকদের প্রতি যে নিবেদন রেখেছেন তার থেকে দুটি নিবেদন লিখুন।

(খ) ‘বাঙ্গালার ইতিহাস’ প্রবন্ধে উল্লিখিত কোন্ কোন্ স্থানে বাঙালির উপনিবেশ ছিল?

(গ) ‘গৃহদাহ’ উপন্যাসে রাক্ষুসী চরিত্রের গুরুত্ব বিচার করুন।

(ঘ) রামবাবু কে? অচলার প্রকৃত পরিচয় জানার আগে ও জানার পরে তাঁর প্রতিক্রিয়া কেমন?

(ঙ) কমলমণি ও শ্রীশচন্দ্রের পরিচয় দিন।

(চ) হরিদাসী বৈষ্ণবী কে ছিল? তার সাজসজ্জার বর্ণনা দিন।

(ছ) ‘বাংলা শিশুসাহিত্য’ প্রবন্ধে বুদ্ধদেব বসু যে *দুটি* পত্রিকার নাম করেছেন তার নাম লিখুন।

(জ) ‘বিষবৃক্ষ’ উপন্যাসে কুঞ্জ প্রথমে যে স্বপ্নটি দেখেছিল তা বিবৃত করুন।

২। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দিন : ৩×১০=৩০

(ক) ‘বাঙ্গালা ভাষা’ প্রবন্ধ অবলম্বনে লিখন-ভাষা সম্পর্কে বঙ্কিমচন্দ্রের অভিমত ব্যক্ত করুন। ১০

(খ) ‘বিষবৃক্ষ’ উপন্যাসে ঘটনাগত বিবর্তন ও উপন্যাসের পরিণতিতে দেবেন্দ্র-হীরার ভূমিকা বিশ্লেষণ করুন। ১০

অথবা

‘বিষবৃক্ষ’ উপন্যাসের প্রতিপাদ্য বিষয় পরিস্ফুটনে প্রযুক্ত পত্রগুলি বিশেষ সহায়ক হয়ে উঠেছে—আলোচনা করুন।

(গ) ‘বাংলা শিশুসাহিত্য’ প্রবন্ধে অবনীন্দ্রনাথ ঠাকুরের প্রতিভার মূল্যায়ন যেভাবে করা হয়েছে তার বিশদ পরিচয় দিন। ১০

(ঘ) ‘গৃহদাহ’ উপন্যাসে অচলার দ্বন্দ্ব এক আধুনিক শিক্ষিত নারীর অন্তর্গত দ্বন্দ্ব—আলোচনা করুন। ১০

অথবা

‘গৃহদাহ’ উপন্যাসে ঘর পুড়ে যাওয়া ঘটনাটি বাইরের ব্যাপার, ঘটনাটি না ঘটলেও অচলা-মহিমের সংসারের ভাঙন অনিবার্য ছিল—মন্তব্যটি আলোচনা করুন।

## (দ্বিতীয় অর্ধ)

**মান : ৪০**

১। *যেকোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দিন : ২×৫=১০

(ক) অনঙ্গরাঙ্গিণী কে? তার স্বামীর নাম কী?

(খ) 'আমার সাজানো বাগান শুকিয়ে গেল'—কোন্ নাটকের কোন্ চরিত্র এই উক্তি করেছে?

(গ) 'আমি শিক্ষক। আমি স্রষ্টা'— কোন্ নাটকে কার উক্তি?

(ঘ) 'ইউ উইল পে ফর দিস'। — কে কখন একথা বলেছে?

(ঙ) 'কি বোল বলিলে বাবা বল আরবার'—কে কাকে একথা বলেছে?

(চ) 'নাট্যনিয়ন্ত্রণ আইন' ও 'সাধারণ রঙ্গালয়' কবে চালু হয়?

(ছ) 'আমি বাংলার গ্যারিক'—বক্তা কে? 'গ্যারিক' কে ছিলেন?

(জ) রামমাণিক্য কোথা থেকে এসেছে? তার স্ত্রী-র নাম কী?

২। *যেকোনো তিনটি* প্রশ্নের উত্তর দিন : ৩×১০=৩০

(ক) দিনবন্ধু মিত্র-র 'সধবার একাদশী' নাটকটি সমকালীন সমাজব্যবস্থার জীবন্ত দলিল।— মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করুন। ১০

অথবা

দীনবন্ধু মিত্র-র 'সধবার একাদশী' নাটকের অটল ও নিমচাঁদ চরিত্র রচনায় নাট্যকারের কৃতিত্ব আলোচনা করুন।

(খ) দ্বিজেন্দ্রলালের 'নুরজাহান' নাটকটি একটি ঐতিহাসিক ট্র্যাজেডি। — মন্তব্যটির যথার্থতা আলোচনা করুন। ১০

(গ) উৎপল দত্তর 'টিনের তলোয়ার' নাটকের নারীচরিত্র নির্মাণে নাট্যকারের সাফল্য কতটুকু তা আলোচনা করুন। ১০

(ঘ) গিরিশচন্দ্র ঘোষের 'প্রফুল্ল' নাটকের নামকরণের সার্থকতা আলোচনা করুন। ১০

অথবা

'প্রফুল্ল' নাটকের রমেশ চরিত্র সৃজনে নাট্যকারের কৃতিত্ব আলোচনা করুন।

**মুদ্রক**

**ওয়েস্ট বেঙ্গল টেক্সট বুক কর্পোরেশন লিমিটেড**

(পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগ)

কলকাতা - ৭০০ ০৫৬